

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৫৪. কোন কাফির মুসলমান হওয়ার পর তাকে প্রতিশোধ মূলক হত্যা করা

মিক্সদাদ্ বিন্ 'আমর আল-কিন্দী (রা.) থেকে বর্ণিত যিনি একদা রাসূল (সা.) এর সাথে বদর যুদ্ধে অংশ গ্রহণ করেছিলেন তিনি এক সময় রাসূল (সা.) কে উদ্দেশ্য করে বলেন: আমি যদি কোন কাফিরের সাথে যুদ্ধে লিপ্ত হই। অতঃপর সে নিজ তলোয়ার দিয়ে আমার একটি হাত কেটে ফেলে কোন এক গাছের নিকট আশ্রয় নিয়ে বলে: আমি আল্লাহ্ তা'আলার সম্ভুষ্টির জন্য ইসলাম গ্রহণ করেছি। আমি কি এ কথা বলার পরও তাকে হত্যা করতে পারি? রাসূল (সা.) বললেন: না, তুমি তাকে হত্যা করতে পারো না। আমি বললাম: হে আল্লাহ্'র রাসূল! সে তো আমার একটি হাত কেটে ফেলেছে। অতঃপর এ কথা বলেছে। রাসূল (সা.) বললেন:

لاَ تَقْتُلْهُ ، فَإِنْ قَتَلْتَهُ فَإِنَّهُ بِمَنْزِلَتِكَ قَبْلَ أَنْ تَقْتُلَهُ ، وَإِنَّكَ بِمَنْزِلَتِهِ قَبْلَ أَنْ يَقُوْلَ كَلِمَتَهُ الَّتِيْ قَالَ

" না, তুমি তাকে হত্যা করতে পারো না। তুমি যদি তাকে এরপরও হত্যা করো তা হলে সে তোমার অবস্থানেই থাকবে যা তাকে হত্যা করার পূর্বে তোমার ছিলো। আর তুমি তার অবস্থানেই থাকবে যা তার ছিলো এ কথা বলার পূর্বে। অর্থাৎ সে মুসলমান হিসেবেই মৃত্যু বরণ করবে। আর তুমি কাফির হয়েই বেঁচে থাকবে"।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৪০১৯ মুসলিম, হাদীস ৯৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11504

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন